

## কবি প্রনাম

যে মহীরুহের স্নিগ্ধ ছায়ায় আপামর বাঙালির যাপন, সেই মহীরুহের আজ অঙ্কুরোদগম এর দিন। আজ তার জন্মদিন। হ্যাঁ, তিনি রবীন্দ্রনাথ। কবি-ঔপন্যাসিক-প্রাবন্ধিক-গীতিকার-দার্শনিক-শিক্ষাবিদ - আরও কত কত অভিধায় তাঁকে আমরা ভূষিত করতে পারি। এক কথায় তিনি সমগ্র বাঙালির পরিচয়, বাঙালির আবেগ, বাঙালির চিন্তন ও মননের রূপকার। এই মহান মানুষটির জন্মদিন বাংলার মানুষের কাছে অন্যান্য বড় উৎসবের চেয়ে কিছু কম নয়। আমাদের মহাবিদ্যালয়ে তাঁর জন্মদিন টি অতি যত্নে ও শ্রদ্ধার সাথে পালন করা হয়। কিন্তু অতিমারীর এই ভয়ঙ্কর বিপর্যস্ত দিনে আমরা সবাই মিলিত হয়ে একসাথে এই উৎসব পালন করতে পারছি না। পরিস্থিতি স্বাভাবিক হলে আমরা সবাই মিলে তাঁর জন্মদিন উদযাপন করবো। এই বছর বৈদ্যুতিন মাধ্যমে আমরা মিলিত হয়ে তাঁর প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করবো। সবাই কে এই বৈদ্যুতিন মাধ্যমে স্বাগত। মহাবিদ্যালয়ের সকলকে ও সকল বাঙালি জনমনাস কে রবীন্দ্র জয়ন্তীর শুভেচ্ছা।

ভারপ্রাপ্ত অধ্যক্ষ